
IFIC BANK

# আমাদের কথা

সংখ্যা : ০২ জুলাই ২০১৭-জুন ২০১৮

নিউজলেটার





# ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের কথা

'আমাদের কথা' শিরোনামে আইএফআইসি ব্যাংকের নিউজলেটার-এর দ্বিতীয় সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এখানে আমি কয়েকটি সুনির্দিষ্ট বিষয়ে আলোচনা করতে চাই; যা আমাদেরকে ভবিষ্যতের কর্মপরিকল্পনা ও কার্যাবলীগুলো বুঝতে সাহায্য করবে।

আমরা ঐতিহ্য আর নতুন ধ্যান-ধারণার সমন্বয়ে আমাদের প্রতিষ্ঠানকে আধুনিক ও সময়োপযোগী করে গড়ে তুলছি। আমরা প্রথমেই একটি ব্যবসার মডেল নির্ধারণ করেছি; যার লক্ষ্য হলো-Long term sustainable growth. ব্যবসার এই মডেল বাস্তবায়নের জন্য আমাদের সম্পদের মধ্যে ভারসাম্য সৃষ্টির চেষ্টা করেছি। আমাদের প্রডাক্টগুলো আকর্ষনীয় করার চেষ্টা করেছি। যেমন - চলতি ও সঞ্চয়ী উভয়ই হিসাবের বৈশিষ্ট্যসহ নানা সুবিধা এক একাউন্টে দিয়ে দেশে ব্যতিক্রমী প্রডাক্ট 'আমার একাউন্ট' চালু করেছি। ইতিমধ্যে এটি গ্রাহকদের মধ্যে ও ব্যাংকিংখাতে আলোচিত ও সমাদৃত হয়েছে। এই একাউন্ট-এর প্রবৃদ্ধি অতীতের সব রেকর্ড ছাড়িয়ে গেছে এবং খুব শীঘ্রই আমরা ১ লক্ষ একাউন্ট-এর মাইলফলক স্পর্শ করব। একইভাবে আমরা গর্ব করে বলতে পারি, 'হোম লোন'-এর ক্ষেত্রে ব্যাংকিংখাতে আমরাই নেতৃত্বে আছি। এছাড়া 'ওয়ার ষ্টপ সার্ভিস' প্রবর্তনের মাধ্যমে আমাদের সেবার মান সম্পর্কে গ্রাহকদের নতুন অভিজ্ঞতা দেওয়ার চেষ্টা করছি। এসব কিছুর আরো সাফলতা আসবে আমাদের সবার ঐকান্তিক প্রচেষ্টার মাধ্যমে।

সম্পদ ব্যবস্থাপনায় ঝুঁকি ন্যূনতম পর্যায়ে রাখতে আমরা সেক্টরাল ব্যালেন্স আনার চেষ্টা করছি। আমাদের কম খরচে দীর্ঘ মেয়াদে অধিক মুনাফা অর্জন করতে হবে। এক্ষেত্রে আমরা অত্যাধুনিক প্রযুক্তির মাধ্যমে অটোমেশান, রিটেইল ব্যাংকিং, কম খরচের শাখা প্রচলন, এটিএম ইত্যাদি করার চেষ্টা করছি। আমরা সারাদেশে আমাদের ব্যাংকিংকে সুসংহত এবং উন্নত করতে চাই। এজন্য আমাদের সারাদেশে একটি শক্ত ও কার্যকর নেটওয়ার্ক তৈরি করতে হবে। আন্তরিক সেবা প্রদানের মাধ্যমে গ্রাহকদের আস্থা ও সন্তুষ্টি অর্জনের সংস্কৃতি গড়ে তুলতে হবে। এর ফলে তীব্র প্রতিযোগিতার পরিবেশের মধ্যেও সামগ্রিকভাবে আমাদের ব্যবসা টেকসই হবে।

মানবসম্পদ ব্যবস্থাপনায় আমরা 'ম্যারিটোক্রেসী' প্রবর্তন করেছি। অর্থাৎ মেধার ভিত্তিতে নিয়োগ ও পদোন্নতির সর্বোচ্চ প্রচেষ্টা আমরা গ্রহণ করেছি। এক্ষেত্রে মেধার পরিবর্তে বিভিন্ন প্রকার ব্যক্তিগত সম্পর্ক কাজে লাগানোর যে সংস্কৃতি ছিল তাতে অনেক চেষ্টায় পরিবর্তন আনা হয়েছে। এছাড়া কর্মদক্ষতা বাড়াতে আমাদের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের দেশে বিদেশে বহুসংখ্যক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

এসব কর্মকান্ডে সম্মানিত চেয়ারম্যানসহ ব্যবস্থাপনা পর্ষদের সদস্যবৃন্দ আন্তরিকভাবে আমাদের সমর্থন করছেন। এখন আমরা যদি আমাদের লক্ষ্য ঠিক রেখে এগিয়ে যেতে পারি তাহলে আমরা নিশ্চয়ই সফলকাম হব।

আপনাদের সকলকে ধন্যবাদ।

**শাহ এ সারওয়ার**
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী
আইএফআইসি ব্যাংক

# ভেতরের পাতায়


২ সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম

৪ চুক্তি স্বাক্ষর

৬ শাখা উদ্বোধন/স্থানান্তর

৮ ইভেন্টস্

১২ পৃষ্ঠপোষকতা

১৩ বিবিধ

১৬ শোক বার্তা



# সামাজিক দায়বদ্ধতামূলক কার্যক্রম



## বন্যা দুর্গতদের পাশে আইএফআইসি ব্যাংক

গতবছর ২৩ আগস্ট প্রধানমন্ত্রী ত্রাণ তহবিলে বন্যা দুর্গতদের সহায়তার জন্য ৩ কোটি টাকার চেক হস্তান্তর করেছে আইএফআইসি ব্যাংক লিমিটেড। গণভবনে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে চেকটি হস্তান্তর করেন আইএফআইসি ব্যাংকের চেয়ারম্যান সালমান এফ রহমান। এ সময় সরকারি উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।



## প্রধানমন্ত্রীর কাছে আইএফআইসি ব্যাংক-এর ৫ কোটি টাকার চেক হস্তান্তর

গণভবনে এক অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে আইএফআইসি ব্যাংকের পক্ষ থেকে ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার প্রধানমন্ত্রীর ত্রান তহবিল-এর জন্য ৫ কোটি টাকার চেক হস্তান্তর করেন।




## ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইএফআইসি ব্যাংক ট্রাস্ট ফান্ডে বাড়তি ৫০ লাখ টাকার অনুদান

ঢাকা, মার্চ ২২, ২০১৮ : ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইএফআইসি ব্যাংক প্রতিষ্ঠিত ট্রাস্ট ফান্ডে অতিরিক্ত ৫০ লাখ টাকা প্রদান করা হয়েছে। এর ফলে আইএফআইসি ব্যাংক ট্রাস্ট ফান্ডের পরিমাণ ১ কোটি টাকায় উন্নীত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সেমিনার কক্ষে আইএফআইসি ব্যাংক ট্রাস্ট ফান্ডের উদ্যোগে বিভিন্ন বিভাগের মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি ও শিক্ষকদের গবেষণা অনুদান প্রদান অনুষ্ঠানে অতিরিক্ত এই অনুদানের চেক হস্তান্তর করা হয়।

আইএফআইসি ব্যাংক কর্তৃপক্ষ ২০১২ সালের ১৯ নভেম্বর সামাজিক কর্মকাণ্ডে (সিএসআর) অবদানের অংশ হিসাবে মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি ও শিক্ষকদের গবেষণা অনুদান প্রদানের জন্য ৩০ লাখ টাকা প্রদান করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সবচেয়ে বড় ট্রাস্ট ফান্ড গঠন করে। পরবর্তীতে ট্রাস্ট ফান্ডে আরও ২০ লাখ টাকা প্রদান করা হয়।

আইএফআইসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শাহ এ সারওয়ার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর কাছে চেকটি হস্তান্তর করেন। এ সময়ে বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য ও নাট্যজন জনাব রামেন্দু মজুমদার, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ইঞ্জিনিয়ারিং এ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ হাসানুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা, সমুদ্রবিজ্ঞান বিজ্ঞান, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ ও ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের ১৮জন শিক্ষক ও শিক্ষার্থীকে গবেষণা অনুদান ও বৃত্তি প্রদান করা হয়।

## রাজারবাগ পুলিশ লাইন্স স্কুল এ্যান্ড কলেজকে আইএফআইসি ব্যাংকের মাল্টিমিডিয়া প্রজেক্টর হস্তান্তর



ঢাকা, ডিসেম্বর ১৮, ২০১৭ : রাজারবাগ পুলিশ লাইন্স স্কুল এ্যান্ড কলেজকে আইএফআইসি ব্যাংক লিমিটেড মাল্টিমিডিয়া প্রজেক্টর প্রদান করেছে।

ডিএমপি কমিশনার ও শিক্ষা প্রতিষ্ঠানটির গভর্ণিং বডির চেয়ারম্যান জনাব আছাদুজ্জামান মিয়া তাঁর কার্যালয়ে আইএফআইসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার-এর কাছ থেকে ১০টি মাল্টিমিডিয়া প্রজেক্টর আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন।

অতিরিক্ত পুলিশ কমিশনার (প্রশাসন) জনাব শাহাবুদ্দিন কোরেশী, অতিরিক্ত ডিআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-১) জনাব হাবিবুর রহমান, আইএফআইসি ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব শাহ মোঃ মঈনউদ্দিন, প্রতিষ্ঠানটির অধ্যক্ষ জনাব লিয়াকত আলী এবং অন্যান্য ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা এ সময়ে উপস্থিত ছিলেন।



# চুক্তি স্বাক্ষর




## এসএমই উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের সঙ্গে আইএফআইসি ব্যাংকের চুক্তি

ঢাকা, ০৬ ফেব্রুয়ারি, ২০১৮ : এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সহায়তায় এসএমই খাতের উন্নয়নে বাংলাদেশ ব্যাংকের সঙ্গে আইএফআইসি ব্যাংক সম্প্রতি একটি ঋণ চুক্তি স্বাক্ষর করেছে।

আইএফআইসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার ও বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন বিভাগের মহাব্যবস্থাপক জনাব মোঃ আবুল বাশার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে সই করেন।

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গর্ভনর জনাব এস.কে. সুর চৌধুরী, এডিবি-এরকান্ট্রি ডিরেক্টর, আইএফআইসি ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক ও হেড অফ বিজনেস জনাব শাহ মোঃ মঈনউদ্দিন, সাবেক হেড অফ এসএমই ডিভিশন জনাব টি.আই.এম. রওশনাজাদীদ ও অন্যান্য কর্মকর্তারা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## আইএফআইসি ব্যাংক-সমকাল বিজনেস অ্যাওয়ার্ড প্রবর্তন

আইএফআইসি ব্যাংক ও সমকাল যৌথভাবে ও বিজনেস অ্যাওয়ার্ড প্রদান করবে। এ লক্ষ্যে গত ১৯ ডিসেম্বর ২০১৭ আইএফআইসি ও সমকালের মধ্যে এক সমঝোতা স্মারক সই হয়েছে। রাজধানীর পুরানা পল্টনে আইএফআইসি ব্যাংক ভবনে সমকাল সম্পাদক গোলাম সারওয়ার ও আইএফআইসি ব্যাংকের এমডি শাহ আলম সারওয়ার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্মারকে সই করেন।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জানানো হয়, পাঁচ ক্যাটাগরিতে ও আইএফআইসি ব্যাংক-সমকাল বিজনেস অ্যাওয়ার্ড দেওয়া হবে। চারজন সেরা উদ্যোক্তা এ অ্যাওয়ার্ড পাবেন। অন্য ক্যাটাগরিতে আজীবন সম্মাননা পাবেন একজন উদ্যোক্তা। আর্থিক খাত ও গণমাধ্যমের বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে গঠিত বিচারকমণ্ডলী পুরস্কারের জন্য চূড়ান্ত মনোনয়ন দেবেন।

সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন আইএফআইসি ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক এম




এম হাইকেল হাশমী, রায়হান আমিন, শাহ মোহাম্মদ মঈনউদ্দিন ও মো. নুরুল হাসনাত এবং সমকালের সাবেক মহাব্যবস্থাপক (মার্কেটিং) আবুল খায়ের চৌধুরী ও ইভেন্ট ম্যানেজার ইমরান কাদির।

## গ্রাহক সেবায় মান ও নিরাপত্তা বাড়াতে বিশ্বমানের সফটওয়ার ব্যবস্থা স্থাপন করছে আইএফসি ব্যাংক



ঢাকা, ১৯ এপ্রিল, ২০১৮ : গ্রাহক সেবার মান আন্তর্জাতিক পর্যায়ে আধুনিকায়নের লক্ষ্যে আইএফআইসি ব্যাংক কর্তৃপক্ষ বিশ্বখ্যাত ফাইন্যান্সিয়াল সফটওয়ার সেবাদানকারী প্রতিষ্ঠান ফিনাস্ট্রা-এর সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে। দুই প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কমকর্তাদের উপস্থিতিতে আইএফআইসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শাহ এ সারওয়ার কেক কেটে এ সংক্রান্ত কার্যক্রমের উদ্বোধন করেন। এ আধুনিকায়ন প্রক্রিয়ার মধ্য দিয়ে ডিজিটাল চ্যানেল, লোন ওরিজিনেশন, পার্টি মডিউল এবং ফিউশন ব্যাংকিং সার্ভিস-সমূহ ব্যাংকটির সেবার তালিকায় যুক্ত হবে।

## জাইকা অর্থায়নে ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট প্রোমোশন প্রজেক্ট-এর আওতায় ঋণ সহযোগিতার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক-এর সাথে আইএফআইসি ব্যাংকের চুক্তি




ঢাকা, ১৪ ফেব্রুয়ারি, ২০১৮ : বেসরকারি খাতে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে আইএফআইসি ব্যাংক লিমিটেড জাইকা অর্থায়নে পরিচালিত ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট প্রোমোশন প্রজেক্ট (এফডিআইপিপি) এর আওতায় ঋণ সহযোগিতার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের সাথে একটি চুক্তি স্বাক্ষর করেছে।

বাংলাদেশ ব্যাংকের গভর্নর জনাব ফজলে কবির এর উপস্থিতিতে আইএফআইসি ব্যাংক লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার এবং বাংলাদেশ ব্যাংকের মহাব্যবস্থাপক জনাব মোঃ রেজাউল ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিপত্র বিনিময় করেন। এ সময় বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব আবু হেনা মোঃ রাজী হাসান ও জাইকা বাংলাদেশের চিফ রিপ্রেজেনটেটিভ জনাব তাকাতোশি নিশিকাতা ও অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

# শাখা উদ্বোধন/স্থানান্তর




## আইএফআইসি ব্যাংক-এর স্থানান্তরিত গুলশান-তেজগাঁও লিঙ্ক রোড শাখার উদ্বোধন

ঢাকা, ডিসেম্বর ১৪, ২০১৭ : রাজধানীর তেজগাঁও এলাকায় দেশের শীর্ষস্থানীয় ব্যাংক আইএফআইসি ব্যাংক লিমিটেড-এর স্থানান্তরিত গুলশান-তেজগাঁও লিঙ্ক রোড শাখার উদ্বোধন করা হয়েছে।

ইমপেটাস সেন্টারে অবস্থিত এই শাখাটির শুভ উদ্বোধন করেন আইএফআইসি ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক ও হেড অব বিজনেস ডেলিভারি জনাব নুরুল হাসনাত।

এ সময়ে ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক ও চিফ অপারেশন্স অফিসার জনাব রায়হান-উল আমীন, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও হেড অফ সাপোর্ট অ্যান্ড এস্টেট ডিভিশন জনাব মোহাম্মদ মাহমুদ-সহ ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সম্মানিত গ্রাহকবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

## রাজধানীর বসুন্ধরায় আইএফআইসি ব্যাংক-এর স্থানান্তরিত শাখার উদ্বোধন

ঢাকা, ডিসেম্বর ১২, ২০১৭ : রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় দেশের শীর্ষস্থানীয় ব্যাংক আইএফআইসি ব্যাংক লিমিটেড-এর স্থানান্তরিত বসুন্ধরা শাখার উদ্বোধন করা হয়েছে।

নতুন ঠিকানায় (বাড়ি নং-১৬০, রোড নং-৮, ব্লক-এফ, বসুন্ধরা আ/এ) স্থানান্তরিত এই শাখাটির শুভ উদ্বোধন করেন আইএফআইসি ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক ও হেড অব বিজনেস জনাব শাহ মোঃ মঈনউদ্দিন।






## আইএফআইসি ব্যাংক-এর ১৪২তম শাখা বনশ্রীতে

ঢাকা, মার্চ ১৪, ২০১৮ : রামপুরার বনশ্রীতে দেশের শীর্ষস্থানীয় ব্যাংক আইএফআইসি ব্যাংক লিমিটেড-এর ১৪২তম শাখার উদ্বোধন করা হয়েছে।

বনশ্রীর সি-ব্লকের ২ নম্বর সড়কে অবস্থিত নতুন এই শাখার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আইএফআইসি ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব নুরুল হাসনাত।

অনুষ্ঠানে বনশ্রী সোসাইটির সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী জনাব আবুল কালাম, সাধারণ সম্পাদক জনাব আব্দুল হক, সোসাইটির সাবেক নেতৃবৃন্দ, ব্যাংকের বনশ্রী শাখার ম্যানেজার জনাব আবু আলম ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারা এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

নতুন এই শাখার মাধ্যমে সুলভে আধুনিক প্রযুক্তি-নির্ভর সব ধরনের ব্যাংকিং সেবা গ্রাহকদের প্রদান করা হবে।

## আইএফআইসি ব্যাংক-এর ১৪০তম শাখা ঝালকাঠিতে




ডিসেম্বর ২১, ২০১৭ : ঝালকাঠিতে আইএফআইসি ব্যাংক লিমিটেড-এর ১৪০তম শাখা উদ্বোধন করা হয়েছে।

ঝালকাঠি সদরের ডাক্তার পট্টিস্থ সৈয়দ টাওয়ারে নতুন এই শাখার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝালকাঠি জেলা পরিষদের চেয়ারম্যান জনাব সরদার মোঃ শাহ আলম, ঝালকাঠি চেম্বার অব কমার্সের সভাপতি জনাব মাহবুব হোসেন, আইএফআইসি ব্যাংকের সাবেক এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও হেড অফ ব্র্যাঞ্চ ব্যাংকিং জনাব জহির উদ্দিন ফেরদৌস এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

নতুন এই শাখার মাধ্যমে সুলভে আধুনিক প্রযুক্তি-নির্ভর সব ধরনের ব্যাংকিং সেবা গ্রাহকদের প্রদান করা হচ্ছে।

## আইএফআইসি ব্যাংকের কচুয়া ও ময়নামতি শাখার উদ্বোধন



মার্চ ২৫, ২০১৮ : কুমিল্লার ময়নামতি ও চাঁদপুরের কচুয়ায় আইএফআইসি ব্যাংকের ১৪৪ ও ১৪৫ তম শাখার উদ্বোধন করা হয়েছে। গত ২৫ মার্চ, ২০১৮ শনিবার ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে শাখা দুটির উদ্বোধন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন আইএফআইসি ব্যাংকের ব্রাঞ্চ ব্যাংকিং বিভাগের প্রধান নুরুল বাশার আব্দুল মামুন, হেড অব সার্ভিস এন্ড স্টেট ডিপার্টমেন্ট মাহমুদ মাহমুদ, হেড অব কর্পোরেট কমিউনিকেশনস্ এন্ড ব্রান্ডিং মো. আসাদুজ্জামান প্রমুখ।

# ইভেন্টস্




## আইএফআইসি ব্যাংক-এর ৪১ বছর পূর্তি উদযাপন

অক্টোবর ০৮, ২০১৭ : আইএফআইসি ব্যাংক লিমিটেড-এর যাত্রা শুরুর ৪১ বছর পূর্তি উপলক্ষে এক অনাড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পুরানা পল্টনস্থ আইএফআইসি টাওয়ার-এ কেক কেটে বর্ষপূর্তির অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার। এ সময়ে ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দসহ ব্যাংকের অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ব্যাংকের সকল শাখায় একই সময়ে শাখা ব্যবস্থাপকের নেতৃত্বে কেক কাটাসহ অন্যান্য অনুষ্ঠান উদ্‌যাপন করা হয়।

## আইএফআইসি ব্যাংকের ৪১তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

ঢাকা, ২৪ জুন ২০১৮ : আইএফআইসি ব্যাংক লিমিটেড-এর ৪১তম বার্ষিক সাধারণ সভা বেইলি রোডস্থ অফিসার্স ক্লাবে অনুষ্ঠিত হয়।

ব্যাংকের মাননীয় চেয়ারম্যান জনাব সালমান এফ রহমান-এর সভাপতিত্বে সভায় ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ সর্বজনাব আনোয়ারুজ্জামান চৌধুরী, জালাল আহমদ, এ. আর. এম. নাজমুস সাকিব, কামরুন্নাহার আহমেদ, রাবেয়া জামালী এবং ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার উপস্থিত ছিলেন।

উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার মালিকের উপস্থিতিতে সভায় অন্যান্য বিষয়ের মধ্যে ২০১৭ সালে সমাপ্ত বছরে ব্যাংকের নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং তার ওপর নিরীক্ষক ও পরিচালকবৃন্দের প্রতিবেদন এবং ১২ শতাংশ বোনাস শেয়ার বিতরণের প্রস্তাব অনুমোদিত হয়।

ব্যাংকের সুদের হারের বিষয়ে উল্লেখ করে ব্যাংকের মাননীয় চেয়ারম্যান বলেন, "বিভিন্ন চ্যালেঞ্জ সত্ত্বেও সংশ্লিষ্ট সবার সম্মিলিত চেষ্টায় নতুন নতুন প্রোডাক্ট ও সেবা নিয়ে আইএফআইসি ব্যাংক উত্তরোত্তর উন্নতি করছে।"



## আইএফআইসি ব্যাংক-এর ৪০তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




আইএফআইসি ব্যাংক লিমিটেড-এর ৪০তম বার্ষিক সাধারণ সভা গত ০৩ জুলাই ২০১৭ সকাল ১১.০০টায় বেইলি রোডস্থ অফিসার্স ক্লাবে অনুষ্ঠিত হয়।

ব্যাংকের মাননীয় চেয়ারম্যান জনাব সালমান এফ রহমান সভায় সভাপতিত্ব করেন।

ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ সর্বজনাব মনিরুল ইসলাম, জালাল আহমদ, এ.আর.এম. নাজমুস সাকিব, কামরুন্নাহার আহমেদ এবং ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার সভায় উপস্থিত ছিলেন।




## আইএফআইসি ব্যাংক-এর শিশুদের চিত্রাঙ্কন উৎসব অনুষ্ঠিত

গত নভেম্বর ০৪, ২০১৭ তারিখে আইএফআইসি ব্যাংক লিমিটেড কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের নিয়ে একটি চিত্রাঙ্কন উৎসবের আয়োজন করে। তিনটি গ্রুপে প্রায় দেড়শ শিশু এই উৎসবে অংশগ্রহণ করে।

পুরানা পল্টনে আইএফআইসি টাওয়ারে আয়োজিত শিশুদের এই চিত্রাঙ্কন উৎসবে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার প্রধান অতিথি হিসাবে অংশগ্রহণকারীদের মধ্যে সার্টিফিকেট, ক্রেস্ট ও উপহার তুলে দেন।

ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ সর্বজনাব এম এম হাইকেল হাশমী, রায়হান-উল আমীন, শাহ মোঃ মঈনউদ্দিন ও নুরুল হাসনাত এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময়ে উপস্থিত ছিলেন।




*আইএফআইসি ব্যাংক কর্তৃক আয়োজিত ব্রেইন স্টর্মিং সেশন ২০১৭ তে অংশগ্রহণকারীদের সাথে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও।*




## শাখা ব্যবস্থাপকদের নিয়ে আইএফআইসি ব্যাংকের 'লীডার্স মিট ২০১৭' অনুষ্ঠিত

গত আগষ্ট ০১, ২০১৭ তারিখে আইএফআইসি ব্যাংক লিমিটেড পুরানা পল্টনস্থ আইএফআইসি টাওয়ারে সারাদেশের শাখা ব্যবস্থাপকদের নিয়ে 'লিডার্স মিট ২০১৭'-এর আয়োজন করে।

ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ ও অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা এতে উপস্থিত ছিলেন। সারাদেশে বিস্তৃত ব্যাংকের ১৩৯ শাখার ব্যবস্থাপকবৃন্দ অনুষ্ঠানে যোগদান করেন।

অনুষ্ঠানে শাখাগুলোর ব্যবসায়ীক কর্মকান্ড পর্যালোচনা করা হয় এবং ব্যবসার ভবিষ্যৎ কৌশল ও কর্মপন্থা নিয়ে আলোচনা হয়।

## আইএফআইসি ব্যাংক-এ নারী দিবস পালিত

গত ৮ মার্চ, ২০১৮ তারিখে আইএফআইসি ব্যাংক লিমিটেড নানা অনুষ্ঠানের মাধ্যমে বিশ্ব নারী দিবস পালন করে।

রাজধানীর পুরানা পল্টনে আইএফআইসি টাওয়ারে আয়োজিত অনুষ্ঠানে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার ও অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।




এখানে কেক কেটে ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে দিবসটি পালন করা হয়।

এছাড়াও সারাদেশে ব্যাংকের ১৪১টি শাখায় নারী গ্রাহক ও কর্মকর্তাদের দিয়ে কেক কেটে ও ফুল বিতরণের মাধ্যমে নারী দিবস উদ্‌যাপন করা হয়।

## আইএফআইসি ব্যাংকের নারী উদ্যোক্তাদের অর্থায়ন

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে গত ৮ মার্চ, ২০১৮ তারিখে বাংলাদেশ ব্যাংক আয়োজিত ও ব্যাংকার্স-এসএমই নারী উদ্যোক্তা সমাবেশ ও পণ্য প্রদর্শনী মেলায় জাতীয় সংসদের মাননীয় স্পীকার শিরীন শারমিন চৌধুরী ও বাংলাদেশ ব্যাংকের মাননীয় গভর্নর জনাব ফজলে কবির আইএফআইসি ব্যাংকের অর্থায়নে ১৫ লক্ষ টাকার একটি চেক আইএফআইসি ব্যাংকের গ্রাহক নারী উদ্যোক্তা টাইমওয়ার্ল্ড-এর স্বত্ত্বাধিকারী মিসেস শারমিন সুলতানাকে হস্তান্তর করেন। অনুষ্ঠানে আইএফআইসি ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ নুরুল হাসনাত ও অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।






## আইএফআইসি ব্যাংক-এর ম্যানেজমেন্ট ট্রেইনি অফিসারদের সনদ বিতরণ

আইএফআইসি ব্যাংকের ১৭তম ব্যাচের ম্যানেজমেন্ট ট্রেইনিদের ৬ মাসব্যাপী প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ করা হয়েছে।

গত ১২ মার্চ (সোমবার) পুরানা পল্টনস্থ আইএফআইসি টাওয়ারে আয়োজিত অনুষ্ঠানে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব শাহ এ সারওয়ার প্রশিক্ষণপ্রাপ্ত ২৫জন ম্যানেজমেন্ট ট্রেইনি অফিসারের হাতে সনদ তুলে দেন।

অনুষ্ঠানে ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ জনাব এম এম হাইকেল হাশমী, জনাব রায়হান-উল আমীন ও জনাব নুরুল হাসনাত, এসইভিপি ও হেড অব হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন জনাব কে এ আর এম মোস্তফা কামালসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রশিক্ষণকালীন সময়ে ম্যানেজমেন্ট ট্রেইনিদের বেসিক্‌স অফ ব্যাংকিং, ক্রেডিট ম্যানেজমেন্ট, ইন্টারন্যাশনাল ট্রেড ফাইন্যান্স, লিডারশীপ ও টিম বিল্ডিং, সেলস নেগোশিয়েশনসহ নানা বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণ দেওয়া হয়।




## কর্মকর্তাদের পুরস্কৃত করেছে আইএফআইসি ব্যাংক

আমানত সংগ্রহে উল্লেখযোগ্য অবদানের জন্য আইএফআইসি ব্যাংক কর্মকর্তাদের পুরস্কৃত করেছে। রাজধানীর পল্টনে ব্যাংকের প্রধান কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে এ পুরস্কার প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আইএফআইসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার সংশ্লিষ্ট কর্মকর্তাদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এ সময় ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক ও চীফ অপারেশন্স অফিসার জনাব রায়হান উল আমীন, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও হেড অফ বিজনেস জনাব শাহ মোঃ মঈনউদ্দিন, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও হেড অব বিজনেস ডেলিভারী জনাব মোঃ নুরুল হাসনাত এবং ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



# পৃষ্ঠপোষকতা




## আইএফআইসি ব্যাংক-এর সহায়তায় ভূমিকম্পে করণীয় বিষয়ক বুকলেট বিতরণ

১৪ মে, ২০১৮ : ভূমিকম্প সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আইএফআইসি ব্যাংকের আর্থিক সহায়তায় 'ভূমিকম্পের সময় আমাদের করণীয়' শীর্ষক বুকলেট- এর বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

রাজধানীর মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে এই কর্মসূচির উদ্বোধন করেন মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। ত্রৈমাসিক পত্রিকা 'হালখাতা' কর্তৃক আয়োজিত এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক-এর ভাইস চ্যান্সেলর অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, আইএফআইসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শাহ আলম সারওয়ার প্রমুখ।




*আইএফআইসি ব্যাংক-এর আয়োজনে এনটিভিতে প্রচারিত অনুষ্ঠান "কেমন বাজেট চাই"*

উল্লেখ্য, ২০১০ সাল থেকে 'ভূমিকম্পের সময় আমাদের করণীয়' শীর্ষক বুকলেটটি দেশের বিভিন্ন স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হচ্ছে।

## ঘাটাইলের ক্যান্টনমেন্ট-এ আইএফআইসি ব্যাংক গলফ টুর্নামেন্ট অনুষ্ঠিত

ঢাকা, নভেম্বর ০৬, ২০১৭ : টাঙ্গাইলের ঘাটাইলস্থ শহীদ সালাহউদ্দিন ক্যান্টনমেন্ট-এ ফার্স্ট আইএফআইসি ব্যাংক গলফ টুর্নামেন্ট-২০১৭ অনুষ্ঠিত হয়। গত ২ থেকে ৪ নভেম্বর ক্যান্টনমেন্টে ঘাটাইল গলফ ক্লাবের উদ্যোগে এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

ক্যান্টনমেন্ট-এর জিওসি মেজর জেনারেল সাজ্জাদুল হক সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। আইএফআইসি ব্যাংকের উপ-




ব্যবস্থাপনা পরিচালক ও হেড অফ বিজনেস জনাব শাহ মোঃ মঈনউদ্দিন এবং উপ-ব্যাবস্থাপনা পরিচালক ও হেড অফ বিজনেস ডেলিভারী জনাব নুরুল হাসনাত এ সময়ে উপস্থিত ছিলেন।

# বিবিধ

## আইএফআইসি ব্যাংকের নতুন উপ-ব্যবস্থাপনা পরিচালক



ঢাকা, জুলাই ১০, ২০১৮ : জনাব সৈয়দ মনসুর মোস্তফা সম্প্রতি আইএফআইসি ব্যাংকের নতুন উপ-ব্যবস্থাপনা পরিচালক হিসাবে পদোন্নতি পেয়েছেন।

তিনি ব্যাংকের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট (এসইভিপি) ও চিফ ক্রেডিট অফিসার হিসাবে কর্মরত ছিলেন। ২০১৫ সালে আইএফআইসি ব্যাংকে যোগদানের আগে তিনি ট্রাস্ট ব্যাংকে এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট হিসাবে কর্মরত ছিলেন।

জনাব মনসুর ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ থেকে মাস্টার্স ডিগ্রী শেষ করে ১৯৯৬ সালে এবি ব্যাংকে প্রবেশনারী অফিসার হিসাবে কর্মজীবন শুরু করেন। তিনি পরবর্তীতে একই বিশ্ববিদ্যালয়ের আইবিএ থেকে এমবিএ ডিগ্রী লাভ করেন।

জনাব মনসুর দেশে-বিদেশে ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট, স্ট্র্যাটেজিক ম্যানেজমেন্ট, লিডারশীপ, ইন্টারন্যাশনাল ট্রেড ফাইন্যান্সসহ ব্যাংকিং সম্পর্কিত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।

## এইচআর ডেভোলপমেন্ট অ্যান্ড ট্যালেন্ট ম্যানেজমেন্ট

| জুলাই ২০১৭ থেকে জুন ২০১৮ | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | বিবরণ |
|---|---|---|---|
| লোকাল ইন হাউজ | ১১৫ | ৩৩৯২ | ব্যাংক-এর নিজস্ব প্রশিক্ষণ ইন্সটিটিউট এবং বিভিন্ন শাখায় (যেখানে প্রযোজ্য) আয়োজিত |
| লোকাল এক্সটার্নাল | ৪১ | ৭৬ | বিভিন্ন স্থানে বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত প্রশিক্ষণ; যেমন বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি, বিআইবিএম, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অফ ব্যাংকস (বিএবি) |
| কাস্টোমাইজ্ড ট্রেনিং | ১৩ | ৪২০ | অন্যান্য প্রশিক্ষণ ইন্সটিটিউট যেমন আইবিএ, মালয়েশিয়া ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (এমআইএম) এর সাথে যৌথ ভাবে আয়োজিত |
| ফরেন ট্রেনিং | ২৫ | ৩৯ | বিভিন্ন প্রাসঙ্গিক কোর্সের জন্য কর্মীদের বিদেশে পাঠানো হয় |
| ওয়ার্কশপ ও ফরেন ভিজিট | ১১ | ১২ | |
| **মোট** | **২০৫** | **৩৯৩৯** | |

### ২০১৭ সালে পদোন্নতি প্রাপ্ত কর্মীর সংখ্যা

| পদ | সংখ্যা |
|---|---|
| ইভিপি | ০২ |
| এফভিপি | ০১ |
| ভিপি | ০২ |
| এফএভিপি | ০১ |
| এভিপি | ০২ |
| এসপিও | ১৬ |

| পদ | সংখ্যা |
|---|---|
| পিও | ১৭ |
| এসও | ০৫ |
| ওএফএফ | ১০ |
| জেও | ০৪ |
| এএসও | ১৪ |
| **মোট** | **৭৪** |

### ২০১৮ সালে পদোন্নতি প্রাপ্ত কর্মীর সংখ্যা

| পদ | সংখ্যা |
|---|---|
| ইভিপি | ০৪ |
| এফভিপি | ০১ |
| ভিপি | ০৫ |
| এসএভিপি | ০৩ |
| এফএভিপি | ০২ |
| এভিপি | ০৫ |
| এসপিও | ১১ |

| পদ | সংখ্যা |
|---|---|
| পিও | ২১ |
| এসও | ২২ |
| ওএফএফ | ৪৯ |
| জেও | ০৫ |
| এএসও | ৫৬ |
| **মোট** | **৮৪** |




আইএফআইসি ব্যাংক কর্তৃক আয়োজিত ৬ (ছয়) মাসব্যাপী ম্যানেজমেন্ট ট্রেইনি ডেভেলপমেন্ট প্রোগ্রাম ২০১৭-এ অংশগ্রহণকারীদের সাথে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার।




১৭তম ব্যাচ ম্যানেজমেন্ট ট্রেইনি কর্তৃক আয়োজিত সাংস্কৃতিক সন্ধ্যায় সংগীত পরিবেশন করছেন উক্ত ব্যাচের সকল ম্যানেজমেন্ট ট্রেইনিগণ।



'টিম বিল্ডিং ও লিডারশীপ ট্রেইনিং প্রোগ্রামে' অংশগ্রহণকারীদের সাথে হেড অব ইউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশনের প্রধান জনাব কে এ আর এম মোস্তফা কামাল।





ভারতের পুনেভিত্তিক ন্যাশনাল ইন্সটিটিউট অফ ব্যাংক ম্যানেজমেন্ট (এনআইবিএম) থেকে আগত পরিচালক জনাব কে এল ধিংরার সাথে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও।

এনআইবিএম পরিচালক জনাব কে এল ধিংরাকে সম্মাননা স্মারক তুলে দিচ্ছেন মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও সিইও। সাথে উপস্থিত ছিলেন এনআইবিএম এর সহযোগী ডিন জনাব অরিন্দম বন্দ্যোপাধ্যায় ও হেড অব এইচআরএম ডিভিশন।





২০১৭ সালের এসএসসি, এইচএসসি, ও লেভেল, এ লেভেল পরীক্ষায় যারা সাফল্যের সাথে কৃতকার্য হয়েছে তারা আইএফআইসি ব্যাংকের প্রধান কার্যালয় পরিদর্শন করেন। পরিদর্শন শেষে ব্যবস্থাপনা পরিচালক ও সিইও এর সাথে মধ্যাহ্নভোজে অংশগ্রহণ করেন।





২০১৭ সালের নভেম্বর মাসে আইএফআইসি ব্যাংকে কর্মরত কর্মকর্তা- কর্মচারীবৃন্দের মাঝে নবজাতক শিশুদের মা বাবাকে সংবর্ধনা দেওয়া হয়। উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে এক সহকর্মীর হাতে স্বর্ণমুদ্রা তুলে দিচ্ছেন ব্যবস্থাপনা পরিচালক ও সিইও।

নবজাতক শিশুদের মা বাবাকে প্রদত্ত স্মারক স্বর্ণমুদ্রা

# শোক বার্তা




## আইএফআইসি ব্যাংকের কোম্পানি সচিবের মৃত্যুতে শোকসভা ও দোয়া মহফিল

ঢাকা, অক্টোবর ৩১, ২০১৭ আইএফআইসি ব্যাংক-এর কোম্পানি সেক্রেটারী ও সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট জনাব এ.কে.এম. মোজহারুল হক-এর অকালমৃত্যুতে একটি শোকসভা ও দোয়া মহফিলের আয়োজন করা হয়।

পুরানা পল্টনে আইএফআইসি টাওয়ারে আয়োজিত এই শোকসভা ও দোয়া মহফিলে মরহুমের পরিবারের সদস্য ও আইএফআইসি ব্যাংকের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব শাহ এ সারওয়ার মরহুমের কর্মনিষ্ঠা ও সততার কথা তুলে ধরেন। তিনি বিদেহী আত্মার শান্তি কামনা করেন এবং মরহুমের পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান।

জনাব মোজহারুল হক গত ২৫ অক্টোবর ২০১৭ (বুধবার) রাতে কুমিল্লায় তাঁর নিজ বাসভবনে ইন্তেকাল করেন। তিনি ১৯৮৬ সাল থেকে আইএফআইসি ব্যাংক-এ কর্মরত ছিলেন।



IFIC BANK
আইএফআইসি
আমার একাউন্ট
সুবিধা যেমনই চাই, হিসাব একটাই
সুবিধাসমূহ
• এক একাউন্টেই সব ব্যাংকিং কার্যক্রম
• সহজ ও সাশ্রয়ী
• এফডিআর-এর মতো আকর্ষণীয় মুনাফা
• তাৎক্ষণিক সাশ্রয়ী ঋণ সুবিধা
• ক্রেডিট কার্ডের উত্তম বিকল্প
• সীমাহীন লেনদেনের সুবিধা
বিস্তারিত জানতে কল করুন
১৬২৫৫ মোবাইল থেকে
০৯৬৬৬৭-১৬২৫৫
আসুন আইএফআইসি ব্যাংক-এর যেকোনো শাখায়
* সেবা প্রদানের ক্ষেত্রে প্রচলিত নিয়মাবলি প্রযোজ্য
www.ificbank.com.bd

**International Finance Investment and Commerce Bank Limited**
Head Office : IFIC Tower, 61 Purana Paltan, GPO Box: 2229, Dhaka-1000, Bangladesh
Tel: 9563020, IP Phone No. : 09666716250 (Hunting), Fax: 880-2- 9554102, Swift: IFIC BD DH
E-mail: info@ificbankbd.com   Website: www.ificbank.com.bd